# আফগান বিশ্ববিদ্যালয়ে নারীদের লেখা বই নিষিদ্ধ করল তালেবান



সংগৃহীত ছবি

আফগানিস্তানের বিশ্ববিদ্যালয়গুলোতে নারীদের লেখা বই এবং মানবাধিকার ও যৌন হয়রানি বিষয়ক শিক্ষা কার্যক্রম নিষিদ্ধ করেছে তালেবান সরকার। এরইমধ্যে ১৪০টির মতো নারী-লেখক বই সরিয়ে ফেলা হয়েছে এবং মোট ৬৮০টি বইকে শরিয়াবিরোধী বলে নিষিদ্ধ করা হয়েছে।

তালেবান সরকার আফগানিস্তানের বিশ্ববিদ্যালয়গুলোতে নতুন করে কঠোর নিষেধাজ্ঞা জারি করেছে। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদন অনুযায়ী, নারীদের লেখা বই পড়ানো বা ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে। একইসাথে মানবাধিকার এবং যৌন হয়রানি বিষয়ক শিক্ষা কার্যক্রমকেও বেআইনি ঘোষণা করা হয়েছে।

নিষেধাজ্ঞার আওতায় ইতোমধ্যে সরিয়ে ফেলা হয়েছে প্রায় ১৪০টি নারী-লেখকের বই। পাশাপাশি শরিয়াবিরোধী এবং তালেবান নীতির বিপরীত বিবেচনায় প্রশাসন আরও ৬৮০টি বই নিষিদ্ধ করেছে। বিশ্ববিদ্যালয়ের অন্তত ১৮টি বিষয়ে পাঠদান বন্ধ করে দেওয়া হয়েছে, যেগুলো নারী-সম্পর্কিত শিক্ষার সঙ্গে যুক্ত ছিল।

তালেবানের চার বছরের শাসনামলে নারী শিক্ষার ওপর একের পর এক বিধিনিষেধ আরোপ করা হয়েছে। ষষ্ঠ শ্রেণীর পর মেয়েদের শিক্ষার সুযোগ বন্ধ করা হয়েছে আগে থেকেই। কয়েকদিন আগেই "অনৈতিকতা রোধে" দেশব্যাপী অন্তত ১০টি প্রদেশে ওয়াইফাই ব্যবহারও নিষিদ্ধ করেছিল তালেবান প্রশাসন।

LENS ASIA